সোনালী ব্যাংক পিএলসি
প্রধান কার্যালয়, ঢাকা।

শিক্ষা বৃত্তি ২০২৫ সংক্রান্ত পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি

কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (সিএসআর) কার্যক্রমের অংশ হিসেবে শিক্ষা বৃত্তি ২০২৫ প্রদানের নিমিত্ত দেশের দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের নিম্নোক্ত শর্তে অনলাইনে সোনালী ব্যাংক পিএলসি এর ওয়েবসাইটের মাধ্যমে আবেদন আহবান করা যাচ্ছেঃ

১। (ক) ২০২৫ সালে এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে বর্তমানে এইচএসসি বা সমমান পর্যায়ে অধ্যয়নরত;

(খ) ২০২৫ সালে এইচএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে বর্তমানে স্নাতক বা সমমান পর্যায়ে অধ্যয়নরত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

২। (ক) এইচএসসি/সমমান পর্যায়ে অধ্যয়নরত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীর ক্ষেত্রে এসএসসি বা সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০, মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে জিপিএ ৪.৫০, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী শিক্ষার্থীদের ক্ষেত্রে জিপিএ ৪.৫০ এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের শিক্ষার্থীদের ক্ষেত্রে ন্যূনতম জিপিএ ৩.৫০ প্রাপ্ত হতে হবে।

(খ) স্নাতক বা সমমান পর্যায়ে অধ্যয়নরত সাধারণ শিক্ষার্থীর ক্ষেত্রে এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০, মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে জিপিএ ৪.৫০, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী শিক্ষার্থীদের ক্ষেত্রে জিপিএ ৪.৫০ এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের শিক্ষার্থীদের ক্ষেত্রে ন্যূনতম জিপিএ ৩.৫০ প্রাপ্ত হতে হবে।

৩। শুধুমাত্র দরিদ্র শিক্ষার্থী / ক্ষুদ্র নৃ-গোষ্ঠী শিক্ষার্থী/এতিম/ প্রতিবন্ধী শিক্ষার্থী / অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা যাদের পিতা-মাতা/অভিভাবকের মাসিক আয় সর্বোচ্চ ১৫,০০০/- টাকার (মুক্তিযোদ্ধা ভাতা ব্যতিত) বেশী নয় আবেদন করতে পারবেন। স্বচ্ছল ব্যক্তির সন্তানদের আবেদন করার প্রয়োজন নেই।

৪। বৃত্তির পরিমাণ এককালীন ১৫,০০০/- (পনের হাজার) টাকা।

৫। আগ্রহী শিক্ষার্থীদেরকে আগামী **০৮-১১-২০২৬** তারিখ হতে **২৭-১১-২০২৬** তারিখের মধ্যে এ ব্যাংকের ওয়েবসাইট www.sonalibank.com.bd/csr এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে।

৬। প্রাথমিকভাবে মনোনীত আবেদনকারীদের তালিকা যথাসময়ে সোনালী ব্যাংক পিএলসি এর ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

৭। প্রাথমিকভাবে মনোনীত আবেদনকারীদেরকে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সরবরাহ করতে হবেঃ

(ক) প্রাথমিক বাছাইয়ে মনোনীত আবেদনকারী কর্তৃক প্রিন্টকৃত Online Application Form (শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধানের স্বাক্ষর ও সীলমোহরযুক্ত সুপারিশসহ); (খ) বর্তমানে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রদত্ত অধ্যয়ন সনদ; (গ) একাডেমিক ট্রান্সক্রীপ্ট, সনদ এবং নাগরিকত্ব সনদ এর সত্যায়িত কপি; (ঘ) জন্ম নিবন্ধন সনদ/এনআইডি এর সত্যায়িত কপি; (ঙ) ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন হতে শিক্ষার্থীর অভিভাবকের মাসিক আয় সংক্রান্ত প্রত্যয়নপত্র (অভিভাবকের পেশা এবং মাসিক আয় উল্লেখ থাকতে হবে) ও চাকুরীরত অভিভাবকদের পদবী ও বেতন স্কেল উল্লেখসহ সংশ্লিষ্ট অফিস প্রধান কর্তৃক বেতনের প্রত্যয়নপত্র; (চ) বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ (ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক উপযুক্ত সনদ/প্রত্যয়নপত্র (জ) প্রতিবন্ধীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর/জেলা সমাজসেবা কার্যালয়/ উপজেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধী সনদ এর সত্যায়িত কপি (ঝ) তৃতীয় লিঙ্গের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক উপযুক্ত সনদ/প্রত্যয়নপত্র ।

৮। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

৯। শিক্ষা বৃত্তি প্রদানের ক্ষেত্রে শিক্ষার্থী মনোনয়নে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত।

স্বাঃ/-
ডেপুটি জেনারেল ম্যানেজার
কর্পোরেট সার্ভিসেস ডিভিশন
সোনালী ব্যাংক পিএলসি
প্রধান কার্যালয়, ঢাকা।